তারিখ: 28 SEP 2017
পৃষ্ঠা: ২ কলাম: ৩

দৈনিক আমাদের সময়

# শিক্ষক শ্যামল কান্তির বিরুদ্ধে ঘুষ নেওয়ার মামলার বিচার শুরু

**নারায়ণগঞ্জ প্রতিনিধি ●**

নারায়ণগঞ্জের শিক্ষক শ্যামল কান্তি ভক্তের বিরুদ্ধে এক শিক্ষিকার কাছ থেকে ঘুষ নেওয়ার মামলায় অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দিয়েছেন আদালত। গতকাল বুধবার দুপুরে নারায়ণগঞ্জ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (তৃতীয়) আক্তারুজ্জামান ভূঁইয়া শ্যামল কান্তির উপস্থিতিতে শুনানি শেষে এ অভিযোগ গঠন করেন। অভিযোগ গঠন শেষে বিচারক আগামী ১২ ডিসেম্বর পরবর্তী দিন ধার্য করেন বলে জানান রাষ্ট্রপক্ষের আইনজীবী (পিপি) ওয়াজেদ আলী খোকন। গত বছর ১৩ মে বন্দর উপজেলার কল্যানদীতে পিয়ার সাত্তার লফিত উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তের বিরুদ্ধে ইসলাম ধর্ম নিয়ে কটূক্তির অভিযোগ এনে স্থানীয় এমপি সেলিম ওসমানের নির্দেশে তাকে শারীরিকভাবে নির্যাতন করে কান ধরে উঠবস করানোর ঘটনা সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ পেলে সারা দেশে তোলপাড় হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর